

# রেটিনাল ভেইন অক্লুশন

## রেটিনাল ভেইন অক্লুশন–এর লক্ষণ, প্রতিরোধ এবং চিকিৎসা




## রেটিনাল ভেইন অক্লুশন (আরভিও) কি?




রেটিনাল ভেইন অক্লুশন–কে কখনও কখনও "চোখের স্ট্রোক" হিসাবেও উল্লেখ করা হয়।এটি রেটিনা থেকে আপনার হৃৎপিণ্ডে ফিরে আসা শিরাগুলির মধ্যে একটির ব্লকেজ। রেটিনার শিরায় রক্ত জমাট বাঁধা বা তরল জমা হওয়া আপনার রেটিনার আলো ফিল্টার করার ক্ষমতা এবং দেখার ক্ষমতাকে ব্যাহত করে। দৃষ্টিশক্তি হ্রাসের পরিমান নির্ভর করে কোন শিরাটি অবরুদ্ধ হয়েছে তার উপর।

## RVO এর প্রকারভেদ






রেটিনাল ভেইন অক্লুশন দুই ধরনের হয়: সেন্ট্রাল রেটিনাল ভেইন অক্লুশন (সিআরভিও) হল সেন্ট্রাল রেটিনাল ভেইন ব্লকেজ এবং ব্রাঞ্চ রেটিনাল ভেইন অক্লুশন (বিআরভিও) হল ছোট শাখা শিরাগুলির একটির ব্লকেজ। যখন একটি রেটিনা শিরা অবরুদ্ধ হয়, তখন সেটি রেটিনা থেকে রক্ত বার করে দিতে পারে না।এটি রক্তপাতের দিকে পরিচালিত করে এবং অবরুদ্ধ রক্তনালী থেকে তরল ক্ষরণ আরম্ভ হয়।


## লক্ষণ ও উপসর্গ

রেটিনাল ভেইন অক্লুশন–এর প্রাথমিক লক্ষণ হল ঝাপসা, আবছা দৃষ্টি বা দৃষ্টিশক্তি হারানো যা সাধারণত হঠাৎ শুরু হয় এবং সাধারণত শুধুমাত্র একটি চোখে দেখা যায়।

## আরভিও হওয়ার কারণ কি?



এথেরোস্ক্লেরোসিস


ধূমপান




গ্লুকোমা


উচ্চ রক্তচাপ


ম্যাকুলার এডেমা


ডায়াবেটিস


উচ্চ কলেস্টেরল


রক্ত জমাট বাঁধার ব্যাধি

# কিভাবে আরভিও নির্ণয় করা হয়?

আরভিও নির্ণয় করা হয় একটি বিস্তারিত চোখের পরীক্ষার মাধ্যমে, যার মধ্যে দৃষ্টি এবং চাপ পরীক্ষা এবং চোখের উপরিভাগ এবং ভেসেল পরীক্ষা করা হয়। আরভিও নির্ণয়ের জন্য অন্যান্য পরীক্ষাগুলির মধ্যে রয়েছে:


## অপথালমোস্কোপি

অপথালমোস্কোপি রেটিনার কাঠামোর বিশদভাবে বিবর্ধিত একটি ছবি পেতে সাহায্য করে।




## অপটিক্যাল কোহেরেন্স টমোগ্রাফি (ওসিটি)

এটি একটি ডায়াগনস্টিক কৌশল যা উচ্চ রেজুলেশনের সহ রেটিনার পরিষ্কার চিত্র দেয়।



## ফান্ডাস ফ্লুরোসেসিন এনজিওগ্রাফি (এফএফএ)

এটি একটি সাধারণ পদ্ধতি যা রেটিনার রক্তনালীগুলির অবস্থা সম্পর্কে আরও তথ্য পাওয়ার জন্য সঞ্চালিত করা হয়। আপনার বাহুতে একটি রঞ্জক ইনজেকশন দেওয়া হয় যা রেটিনাল শিরাগুলিতে ভ্রমণ করে, যাতে সেগুলিতে হওয়া ব্লকেজের ছবি তুলতে পারে।



# কিভাবে আরভিও চিকিৎসা করা হয়?

## অ্যান্টি-ভিইজিএফ ইনজেকশন থেরাপি




আরভিও-তে, ম্যাকুলার মধ্যে ক্ষরণ হতে থাকা রক্ত এবং তরল ফোলাভাব সৃষ্টি করে, যাকে বলা হয় ম্যাকুলার এডিমা, যাতে দৃষ্টিশক্তি ঝাপসা হয়ে যায় এবং/অথবা দৃষ্টিশক্তি হ্রাস পায়।অ্যান্টি-ভাসকুলার এন্ডোথেলিয়াল গ্রোথ ফ্যাক্টর (এন্টি-ভিইজিএফ) ইনজেকশন রক্তনালী থেকে ক্ষরণ হওয়া বন্ধ করে এবং ম্যাকুলার এডিমা কমায় এবং এর কারণে হওয়া দৃষ্টিশক্তি হ্রাসের ঝুঁকিও কমায়। ওষুধের প্রভাব এক মাস বা তারও বেশি সময় ধরে থাকে, তাই আপনি কতগুলি ইনজেকশন নেবেন তা নির্ভর করবে আপনার অবস্থার উপর এবং আপনার ডাক্তারের পরামর্শ অনুযায়ী।

অ্যান্টি-ভিইজিএফ ইনজেকশন দিয়ে চিকিৎসা গুরুত্বপূর্ণ চাক্ষুষ গুণাবলী (রঙ, উজ্জ্বলতা এবং তীক্ষ্ণতা) এবং পড়া, টেলিভিশন দেখা, গাড়ি চালানো ইত্যাদির মতো বেশ কিছু ক্রিয়াকলাপ উন্নত করতে পারে যেগুলি জীবনের মানকে প্রভাবিত করে।











## কর্টিকোস্টেরয়েড থেরাপি

স্টেরয়েডগুলি ভেসেলের প্রাচীরকে স্থিতিশীল করতে পারে এবং ভাস্কুলার প্রিমিয়াবিলিটি কমাতে পারে। এটি ইন্ট্রাভিট্রিয়াল ইনজেকশন হিসাবে বা সাস্টেইন্ড–রিলিজ ইমপ্লান্টের মাধ্যমে দেওয়া যেতে পারে।


## লেজার ফটোক্যাগুলেশন


গ্রিড লেজার ফটোকোগুলেশন সিআরভিও রোগীদের ম্যাকুলার এডিমার চিকিৎসায় কার্যকর নয়। চিকিৎসানা করানো রোগীদের সাথে তুলনা করলে এটি দৃষ্টিকে উপকৃত করে না এবং তাই সিআরভিওরোগীদের জন্য এটি সুপারিশ করা হয় না।





# নিয়মিত পরিচর্যা


যেহেতু এই রোগটি শিরাগুলিতে ঘটে, তাই নিজের রক্তনালীগুলিকে সুরক্ষিত করে এবং সুস্থ ভাস্কুলার টিস্যু বজায় রেখে আপনি এর ঝুঁকি কমাতে পারেন।


ধূমপান এড়িয়ে চলুন


আপনার রক্তে শর্করা এবং কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণে রাখুন


নিয়মিত শরীরচর্চা করুন


বছরে অন্তত একবার চোখ পরীক্ষা করান


প্রচুর গাঢ়, সবুজ শাকসবজি খান

নিয়মিত চোখের পরীক্ষা করা আপনার ডাক্তারকে চোখের রোগ দ্রুত শনাক্ত এবং নির্ণয় করতে সাহায্য করবে।






**Disclaimer:** This material is for information purpose only. It does not replace the advice or counsel of a doctor or healthcare professional. We make every effort to provide accurate and timely information but make no guarantees in this regard. You should consult comply with only on the advice of your ophthalmologist or healthcare professional.

RAZUMAB™
Ranibizumab 0.5 mg Injection

INTAS

Scan the QR Code to know more about Razumab

ENGLISH 2160450

**INTAS PHARMACEUTICALS LIMITED**
Near Sola Bridge, S.G. Highway, Thaltej,
Ahmedabad – 380054, Gujarat, INDIA.
Website : www.intaspharma.com